

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ২০ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ/০৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

এস. আর. ও নং ২৬১-আইন/২০১৮।—বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা-এ বিচারাধীন বিশেষ মামলা নং- ১৮/২০১৭ (ACC জি,আর মামলা নং- ৮৪/২০১১; সাবেক মেট্রো বিশেষ মামলা নং-৩০/১২; তৎপরবর্তী বিশেষ মামলা নং-০৫/১৩) যাহা তেজগাঁও থানার মামলা নং-১৫(৮)১১, section 109 of Penal Code, 1860 (Act No. XLV of 1860) এবং section 5(2) of Prevention of Corruption Act, 1947 যাহা জিয়া চ্যারিটেবল ট্রাস্টের টাকা আত্মসাৎ সংক্রান্ত, যাহার বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে নির্মিত অস্থায়ী আদালত ভবনে পরিচালিত হইতেছে। বর্ণিত মামলার বিচার কার্যক্রম চলাকালীন সময়ে এলাকাটি জনাকীর্ণ থাকে বিধায় নিরাপত্তাজনিত কারণে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-১৮/২০১৭ এর বিচার কার্যক্রম পরিচালনা করিবার জন্য ঢাকা মহানগরের ১২৫ নাজিমুদ্দিন রোডে অবস্থিত পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর প্রশাসনিক ভবনের কক্ষ নং-৭ কে অস্থায়ী আদালত হিসাবে ঘোষণা করিল এবং এতদ্বারা নির্দেশ প্রদান করিল যে, বিশেষ জজ আদালত নং-৫, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-১৮/২০১৭ এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের ১২৫ নাজিমুদ্দিন রোডে অবস্থিত পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর প্রশাসনিক ভবনের কক্ষ নং-৭ এর অস্থায়ী আদালতে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ মাহবুবুর রহমান সরকার
উপসচিব (প্রশাসন-১)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৮২৭)

মূল্য : টাকা ৪.০০